

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩০৮

১৪/ ক্রয় বিক্রয় (ﷺ ১৪/ ক্রয় বিক্রয় (ﷺ) পরিচ্ছেদঃ ওজনের ক্ষেত্রে কিছ বাড়তী দেওয়া।

باب مَا جَاءَ فِي الرُّجْحَانِ فِي الْوَزْنِ

আরবী

حَدَّتَنَا هَنَّادٌ، وَمَحْمُودُ بْنُ غَيْلاَنَ، قَالاَ حَدَّتَنَا وَكِيعٌ، عَنْ سُفْيَانَ، عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ سُوَيْدِ بْنِ قَيْسٍ، قَالَ جَلَبْتُ أَنَا وَمَخْرَفَةُ الْعَبْدِيُّ، بَزَّا مِنْ هَجَرَ فَجَاءَنَا النَّبِيُّ صلى الله عليه وسلم فَسَاوَمَنَا بِسَرَاوِيلَ وَعِنْدِي وَزَّانٌ يَزِنُ بِالأَجْرِ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم لِلْوَزَّانِ " زِنْ وَأَرْجِحْ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سُويْدٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَأَهْلُ الْعِلْمِ يَسْتَحِبُّونَ الرُّجْحَانَ فِي الْوَزْنِ . وَرَوَى شُعْبَةُ هَذَا الْحَدِيثَ عَنْ سِمَاكِ فَقَالَ عَنْ أَبِي صَفْوَانَ وَذَكَرَ الْحَدِيثَ . وَرَوَى شُعْبَةُ هَذَا الْحَدِيثَ عَنْ سِمَاكِ فَقَالَ عَنْ أَبِي صَفْوَانَ وَذَكَرَ الْحَدِيثَ .

বাংলা

১৩০৮. হায়াদ ও মাহমূদ ইবনু গায়লান (রহঃ) সুওয়ায়দ ইবনু কায়স রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমি এবং মাখরামা আবদী 'হাজার' থেকে কিছু কাপড় আমদানী করি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের কাছে এলেন এবং একটি পাজামা ক্রয়ের দর স্থির করলেন। আমার কাছে একজন ওজনকারী ছিল। সে পারিশ্রমিকের বিনিময়ে ওজন করে দিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ ওজনকারীকে বললেন, (মূল্য) ওজন করো এবং বাড়িয়ে দাও। - ইবনু মাজাহ ২২২০, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩০৫ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে জাবির ও আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, সুওয়ায়দ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। আলিমগণ ওয়নে কিছু বাড়িয়ে দেওয়া মুস্তাহাব বলে মনে করেন। শু'বা এ হাদীসটিকে সিমাক (রহঃ) থেকে বর্ণনা করেছেন। তিনি এ সনদে সিমাকের পর আবূ সাফওয়ান-এর উল্লেখ করেছেন।

English

Narrated Suwaid bin Qais:



"Makhrafah Al-'Abdi and I brought linens from Hajar. The Prophet (ﷺ) came to us in bargain with us with some pants. There was someone with me who weighed (the goods) to determine the value. So the the Prophet (ﷺ) said to the one weighing: 'Weigh and add more.'"

[He said:] There are narrations on this topic from Jabir and Abu Hurairah.

[Abu 'Eisa said:] The Hadith of Suwaid is a Hasan Sahih Hadith. The people of knowledge consider it recommended to add more when weighing.

Shu'bah reported this Hadith from Simak, so he said: "From Abu Safwan" and he mentioned the narration.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুওয়ায়দ ইবন কায়স (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন